তারিখ 02 MAR 2016
পৃষ্ঠা ৩৭ কলাম ৪

যুগান্তর

# সর্বস্তরে শিক্ষা বিপ্লব অব্যাহত রাখতে হবে

—— অতিরিক্ত শিক্ষা সচিব

**স্টাফ রিপোর্টার,** *নবাবগঞ্জ*

দেশের সর্বস্তরে শিক্ষা বিপ্লব অব্যাহত রাখতে শিক্ষকসহ সচেতন মহলকে আহ্বান জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এএস মাহমুদ। মঙ্গলবার দুপুরে ঢাকার নবাবগঞ্জ উপজেলার বারুয়াখালী উচ্চ বিদ্যালয়ের বার্ষিক মেধা পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, দেশে শিক্ষার মান উন্নয়নে প্রতিটি স্তরে ডিজিটাল শিক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে। শিক্ষার প্রসার ঘটাতে প্রতিটি ক্লাস রুমকে মাল্টিমিডিয়ায় রূপান্তরিত করা হবে। কেন না সাধারণভাবে শিক্ষা দিলে শিক্ষার্থীরা ১১ শতাংশ মনে রাখতে পারে। কিন্তু মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে ৮৩ শতাংশ মনে রাখা সম্ভব। বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি সাইদুর রহমান শাহীন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. মিজানুর রহমান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. দেলোয়ার হোসেন, আওয়ামী লীগের জাতীয় কমিটির সদস্য আবদুল বাতেন মিয়া, নবাবগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আবদুল কাদির মিয়া, বারুয়াখালী ইউপি চেয়ারম্যান আবদুল্লাহ আল মামুন, স্থানীয় সমাজসেবক হাজী ফুল খান।

উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফারুক আহমেদ, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জেসমিন আহমেদ, শিকারীপাড়া ইউপি চেয়ারম্যান আলিমুর রহমান খান পিয়ারা, উপজেলা শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মো. শাহ আলম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক [illegible]